# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/ /রাজবাড়ী-২৬/ তারিখঃ ২৯ ০৭.২০১৯খ্রি.

**বিষয়: বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

**সূত্র:** ১। জেলা প্রশাসকরে স্মারক নং-০৫.৩০.৮২০০.০২৩.০২.২৫৮.১৮-৪৪৮; তারিখ: ১২/১১/২০১৮
২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/রাজবাড়ী-২৬/৩১৬৮/৭; তারিখ: ১০/১২/২০১৮
৩। স্মারক নং- ০১/সুপার/সি.ডি.এম/নোটিশ/জবাব/১৮: তারিখ: ৩১/১২/২০১৮।
৪। স্মারক নং- সি.ডি.এম/রাজ/আ/০৮/১৯: তারিখ: ০৪/০৪/২০১৯।
৫। জেলা প্রশাসকের স্মারক নং-০৫.৩০.৮২০০.০২৩.০২.২৫৮.১৯-২৮২; তারিখ: ১৩/০৬/২০১৯।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজবাড়ী জেলার সদর উপজেলাধীন চরশ্যামনগর দাখিল মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মুহাম্মদ কামরুজ্জামান এর বিরুদ্ধে উক্ত মাদ্রাসার শিক্ষক, কর্মচারী ও এলাকার জনসাধারণ কর্তৃক বিভিন্ন অনিয়ম, অর্থ আত্মসাৎ এবং নৈতিক চরিত্র অবক্ষয় উল্লেখ করে সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ি সদর, রাজবাড়ী বরাবর অভিযোগ দাখিল করেন।

উক্ত অভিযোগের প্রেক্ষিতে সহকারী কমিশনার (ভূমি), সদর, রাজবাড়ী বিষয়গুলি তদন্ত করে একটি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার রাজবাড়ি সদর বরাবর প্রেরণ করেন। প্রতিবেদনে সুপার মুহাম্মদ কামরুজ্জামানের মাদ্রাসা পরিচালনায় অনিয়ম, দূর্নীতি, শিক্ষকদের নিকট হতে অর্থ গ্রহণ ও তা ফেরত না দেয়া, মাদকাসক্ত হওয়া এবং নৈতিক চরিত্রের অবক্ষয়ের অভিযোগ সমূহ সত্য মর্মে উল্লেখ করেন। তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্য প্রমাণের প্রেক্ষিতে আনিত অভিযোগ সমূহের সত্যতা প্রমাণিত হয়েছে মর্মে সূত্রোক্ত ১নং স্মারকে জেলা প্রশাসক, রাজবাড়ী, সুপার জনাব মুহাম্মদ কামরুজ্জামান এর এমপিও বন্ধের সুপারিশসহ বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন (কপি সংযুক্ত)।

জেলা প্রশাসক রাজবাড়ী কর্তৃক প্রেরিত তদন্ত প্রতিবেদনের বিষয়ে সূত্রোক্ত ২নং স্মারকে এমপিও বন্ধসহ বিভাগীয় ব্যবস্থা কেন গ্রহণ করা হবে না তা পত্র প্রাপ্তির ৩০(ত্রিশ) কর্মদিবসের মধ্যে সমর্থনীয় কাগজপত্রসহ সন্তোষজনক লিখিত জবাব দাখিল করার জন্য তাঁকে অনুরোধ করা হলে সুপার জনাব মুহাম্মদ কামরুজ্জামান সূত্রোক্ত ৩নং স্মারকে জবাব দাখিল করেন। উক্ত লিখিত জবাব পর্যালোচনায় জবাবটি সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয় (কপি সংযুক্ত)।

পরবর্তীতে সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মুহাম্মদ কামরুজ্জামান উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা শিক্ষা অফিসারের স্বাক্ষর সৃজন করে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে অনলাইনে এডহক কমিটির অনুমোদন নিয়েছেন মর্মে সুপার (ভারপ্রাপ্ত) তদন্তের জন্য সূত্রোক্ত ০৪নং স্মারকে জেলা প্রশাসন, রাজবাড়ীকে পত্র প্রেরণ করেন।

উক্ত পত্রের প্রেক্ষিতে তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক মতামত প্রেরণ করেছেন। সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মুহাম্মদ কামরুজ্জামানের বিরুদ্ধে উর্ধ্বতন কর্তৃপক্ষের স্বাক্ষর সৃজন করে এডহক কমিটির অনুমোদনের বিষয়টি প্রমাণিত হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা উল্লেখ করেছেন এবং তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেছেন।

বর্ণিত অবস্থায় সুপার জনাব মুহাম্মদ কামরুজ্জামান এর বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ জেলা প্রশাসক কর্তৃক তদন্ত প্রতিবেদনে প্রমাণিত হওয়ায় এবং জেলা প্রশাসক কর্তৃক সুপারের শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করায় তার বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৫ (পাঁচ) ............পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৮.০৭.১৯

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ জেলা প্রশাসক, রাজবাড়ী।

নং-বামাশিবো/প্রশাসন/ /রাজবাড়ী-২৬/ তারিখঃ ০৭.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:
১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, রাজবাড়ী।
২. জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, রাজবাড়ী
৪. জনাব মো: আ: মতিন মিয়া (সুপার ভারপ্রাপ্ত), চরশ্যামনগর দাখিল মাদ্রাসার।
ডাকঘর: খলিলপুর বাজার, উপজেলা: সদর, জেলা: রাজবাড়ী।
৫. সভাপতি, এডহক কমিটি, চরশ্যামনগর দাখিল মাদ্রাসার।
ডাকঘর: খলিলপুর বাজার, উপজেলা: সদর, জেলা: রাজবাড়ী।
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

28.07.19

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
রাজবাড়ী
(শিক্ষা শাখা)
www.rajbari.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৮২০০.০২৩.০২.২৫৮.১৯-২৮২ তারিখঃ ২৩/০৬/২০১৯ খ্রি.

বিষয়: সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মুহাম্মদ কামরুজ্জামান কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর জাল করে অ্যাডহক কমিটির জন্য অনলাইনে আবেদন করার প্রেক্ষিতে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন প্রসংগে।

সূত্র: ১। জনাব মোঃ আঃ মতিন মিয়া, সুপার (ভারপ্রাপ্ত), চরশ্যামনগর দাখিল মাদ্রাসা, রাজবাড়ী সদর এর ০৪/০৪/২০১৯ তারিখের আবেদন।
২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজবাড়ী সদর এর স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০১৮.০২.০০২.১৯-৬১২, তারিখ-০৮/০৫/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে ১ নং সূত্রে জনাব মোঃ আঃ মতিন মিয়া, সুপার (ভারপ্রাপ্ত), চরশ্যামনগর দাখিল মাদ্রাসা, রাজবাড়ী সদর, রাজবাড়ী উক্ত মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মুহাম্মদ কামরুজ্জামান যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর জাল করে অ্যাডহক কমিটি গঠনের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বরাবর আবেদন করার কারণে অত্র কার্যালয়ে একটি অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে অত্র কার্যালয়ের ২১/০৪/২০১৯ খ্রি. তারিখের ০৫.৩০.৮২০০.০২৩.০২.২৫৮.১৯-২১৭ নং স্মারক মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী বরাবর তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য বলা হলে তিনি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে তদন্তপূর্বক ২ নং সূত্রোক্ত স্মারকে একটি প্রতিবেদন দাখিল করেছেন।

২। তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেছেন যে, অভিযুক্ত ও সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মুহাম্মদ কামরুজ্জামানের সাময়িক বরখাস্ত থাকাকালীন সময়ে মাদ্রাসার অ্যাডহক কমিটি গঠনের বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণের এখতিয়ার তার নেই। অথচ তিনি মাদ্রাসার অ্যাডহক কমিটি গঠনের জন্য শিক্ষক প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী এর স্বাক্ষর জাল করে একটি পত্র সৃজন করেছেন এবং অভিভাবক প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত স্মারক নম্বরবিহীন একটি পত্র সৃজন করে সেখানে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর এর স্বাক্ষর স্ক্যানিং করে বসিয়েছেন এবং নিজে তারিখ দিয়েছেন। এই সৃজিত পত্র দুইটি তিনি মাদ্রাসার অ্যাডহক কমিটি গঠনের আবেদনে সন্নিবেশ করে অনলাইনে মাদ্রাসা শিক্ষা বোর্ডে প্রেরণ করেছেন। উক্ত সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মুহাম্মদ কামরুজ্জামানের বিরুদ্ধে উর্ধ্বতন কর্তৃপক্ষের স্বাক্ষর জাল করে অ্যাডহক কমিটি গঠনের নিমিত্ত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর পত্র প্রেরণের অভিযোগটি প্রমাণিত হয়েছে বলে তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে জানিয়েছেন।

এমতাবস্থায়, উক্ত তদন্ত প্রতিবেদনের সাথে একমত পোষণ করে উল্লিখিত সাময়িক বরখাস্তকৃত মাদ্রাসা সুপার জনাব মুহাম্মদ কামরুজ্জামান এর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের নিমিত্ত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক কাগজপত্র তাঁর সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১৬ (ষোল) ফর্দ।

(মোঃ শওকত আলী)
জেলা প্রশাসক
রাজবাড়ী
ফোন-০৬৪১-৬৫৪০৫
মোবাইল-০১৭৩৩৩৩৬৪০০
Email:dcrajbari@mopa.gov.bd

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ঢাকা।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
রেজিস্ট্রার মহোদয়ের দপ্তর

স্মারক নং- ০৫.৩০.৮২০০.০২৩.০২.২৫৮.১৯- তারিখঃ /০৬/২০১৯ খ্রি.

অনুলিপি:
১। জনাব মোঃ আঃ মতিন মিয়া, সুপার (ভারপ্রাপ্ত), চরশ্যামনগর দাখিল মাদ্রাসা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

জেলা প্রশাসক
রাজবাড়ী

উপরেজিঃ প্রশাঃ/কমন
প্রনি/হিরক
আইসিটি/কম্পিউটার কেন্দ্র
রেজিস্ট্রার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

স্মারক নং- ০৫.৩০.৮২৭৬.০১৮.০২.০০২.১৯- ৮১২ তারিখঃ ০৮/০৫/২০১৯খ্রিঃ।

বিষয়ঃ সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মুহাম্মদ কামরুজ্জামান কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর জাল করে এডহক কমিটির জন্য অনলাইনে আবেদন করার অভিযোগের বিষয়ে তদন্ত প্রতিবেদন প্রেরণ।

সূত্র ঃ ১) মহোদয়ের কার্যালয়ে স্মারক নং- ০৫.৩০.৮২০০.০২৩.০২.২৫৮.১৯-২১৭,তারিখঃ২১/০৪/২০১৯খ্রিঃ।
২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর এর তদন্ত প্রতিবেদন নং-উমাশিঅ/রাস/১৫২/১, তারিখঃ০৬/০৫/২০১৯খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের মর্মানুসারে জানানো যাচ্ছে যে, রাজবাড়ী সদর উপজেলাধীন সুলতানপুর ইউনিয়নের অন্তর্গত চরশ্যামনগর দাখিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মুহাম্মদ কামরুজ্জামান কর্তৃক উর্ধ্বতন কর্তৃপক্ষের স্বাক্ষর জাল করে মাদরাসার এডহক কমিটি গঠনের নিমিত্ত মাদরাসা শিক্ষা বোর্ডে প্রস্তাব প্রেরণের অভিযোগের বিষয়টি তদন্ত করে প্রতিবেদন প্রদানের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ীকে দায়িত্ব প্রদান করা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর অভিযোগের বিষয়টি তদন্ত করে প্রতিবেদন প্রেরণ করেছেন। উক্ত তদন্ত প্রতিবেদনে তদন্তকারী কর্মকর্তা উল্লেখ করেছেন যে, অভিযুক্ত সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মুহাম্মদ কামরুজ্জামানের বরখাস্ত থাকাকালীন সময়ে মাদরাসার এডহক কমিটি গঠনের বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণের এখতিয়ার তার নেই। অথচ তিনি মাদরাসার এডহক কমিটি গঠনের জন্য শিক্ষক প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী এর স্বাক্ষর জাল করে একটি পত্র সৃজন করেছেন এবং অভিভাবক প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত স্মারক নম্বরবিহীন একটি পত্র সৃজন করে সেখানে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর এর স্বাক্ষর স্ক্যানিং করে বসিয়েছেন এবং নিজে তারিখ দিয়েছেন। এই সৃজিত পত্র দুইটি তিনি মাদরাসার এডহক কমিটি গঠনের আবেদনে সন্নিবেশ করে অনলাইনে মাদরাসা শিক্ষা বোর্ডে প্রেরণ করেছেন। সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মুহাম্মদ কামরুজ্জামানের বিরুদ্ধে উর্ধ্বতন কর্তৃপক্ষের স্বাক্ষর জাল এবং সেগুলি সঠিক হিসেবে ব্যবহারের অভিযোগটি প্রমাণিত হয়েছে বলে তদন্তকারী কর্মকর্তা উল্লেখ করেছেন। মাদরাসার সুপার এর মত একটি দায়িত্বশীল, গুরুত্বপূর্ণ এবং সম্মানজনক পদে থেকে জনাব মুহাম্মদ কামরুজ্জামান দুইজন উর্ধ্বতন কর্তৃপক্ষের স্বাক্ষর জাল করে পত্র সৃজন করেছেন এবং সেগুলি মাদরাসা শিক্ষা বোর্ডে প্রেরণ করে অত্যন্ত গর্হিত এবং ফৌজদারী অপরাধ করেছেন বলে নিম্নস্বাক্ষরকারী মনে করেন।

এমতাবস্থায়, অভিযুক্ত সুপার জনাব মুহাম্মদ কামরুজ্জামানের বিরুদ্ধে উর্ধ্বতন কর্তৃপক্ষের স্বাক্ষর জাল এবং সেগুলি সঠিক হিসেবে ব্যবহারের অভিযোগে ফৌজদারী মামলা রুজু করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদানের সুপারিশসহ তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনটি মহোদয়ের সদয় অবগতি এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৯(নয়) ফর্দ।

8.5.19

(মোঃ সাঈদুজ্জামান খান)
পরিচিতি নং- ১৬৮১৫
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
e-mail:unorajbari@mopa.gov.bd

জেলা প্রশাসক
রাজবাড়ী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

স্মারক নং-উমাশিঅ/রাস/১৫২/১ তারিখ ঃ ০৬/০৫/২০১৯ খ্রিঃ।

বিষয় ঃ চরশ্যামনগর দাখিল মাদরাসার এডহক কমিটি গঠনে সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব কামরুজ্জামান কর্তৃক মাদরাসা শিক্ষা বোর্ডে প্রেরিত জাল স্বাক্ষর সম্বলিত পত্রের তদন্তের প্রতিবেদন প্রসঙ্গে।

সূত্র ঃ ০৫.৩০.৮২৭৬.০০৪.০০৮.০২.১৯-৫১২ তারিখ ঃ ২৩/০৪/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সুত্র মোতাবেক বিগত ০২/০৫/২০১৯ খ্রি. তারিখ শুনানী অনুষ্ঠিত হয়। শুনানী কালে অভিযুক্ত সুপার জনাব কামরুজ্জামান (সাময়িক বরখাস্তকৃত) উপস্থিত হন নাই। তবে তিনি অসুস্থতার কথা উল্লেখ করে ডাকযোগে বক্তব্য প্রেরণ করেন। তিনি লিখিত বক্তব্যে জানান যে, তিনি কোন স্বাক্ষর জাল করেন নাই। (সংযুক্তি-১)।

০২। জেলা শিক্ষা অফিস থেকে প্রেরিত শিক্ষক প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত পত্রে কোন স্মারক নাই এবং উল্লেখিত পত্রে স্বাক্ষর জেলা শিক্ষা অফিসারের নয় বলে জেলা শিক্ষা অফিসার মহোদয় জানান। তিনি আরো জানান যে, উল্লেখিত স্বাক্ষরটি প্রাক্তন জেলা শিক্ষা অফিসার জনাব আজিজা খানমের এবং ঐ স্বাক্ষরটিও জাল। স্বাক্ষরের নিচে অনুস্বাক্ষরটিও জাল, যা অফিস সহকারীর নয় (সংযুক্তি-২)।

০৩। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দপ্তর থেকে অভিভাবক প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত পত্রে ০৫/০২/২০১৯ তারিখে ইস্যুকৃত স্মারকটি সঠিক নয়, স্বাক্ষরটি জাল ও সৃজিত মর্মে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় জানান। প্রকৃতপক্ষে এ সংক্রান্ত পত্র ইসু করা হয়নি (সংযুক্তি-৩)।

০৪। মাদ্রাসা বোর্ডের দাখিলকৃত প্রতিনিধি মনোনয়ন পত্রের সকল স্বাক্ষরের তারিখ একই হাতে লেখা হয়েছে বলে প্রতীয়মান হয় (সংযুক্তি-৪)।

০৫। সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব কামরুজ্জামান ১১/০৪/২০১৯ তারিখ মাদ্রাসা বোর্ডে এডহক কমিটি গঠনের অনুমোদনের জন্য পত্র প্রেরণ করেন এবং মাদ্রাসা বোর্ড কমিটি অনুমোদন প্রদান করেন।

০৬। ভারপ্রাপ্ত সুপার জনাব আব্দুল মতিন নিয়মিত কমিটি গঠনের লক্ষ্যে ২৮/০১/২০১৯ খ্রি. তারিখ অনলাইনে শিক্ষাবোর্ডে তথ্যাদি প্রেরণ করেন। জাতীয় সংসদ নির্বাচনের কারনে সকল ধরনের এম.এম.সি.(মার্দ্রাসা ম্যানেজিং কমিটি) গঠন প্রক্রিয়া স্থগিত থাকায় কমিটির অনুমোদন না হওয়ায় ভারপ্রাপ্ত সুপার পুনরায় ১৪/০৩/২০১৯ তারিখে আবেদন করেন (৫,৫ক)।

০৭। ভারপ্রাপত সুপারের আবেদনের প্রেক্ষিতে ২১/০৪/২০১৯ খ্রি. তারিখ মাদ্রাসা শিক্ষা বোর্ড ২০০৯ এর ৩৯ প্রবিধান অনুযায়ী এডহক কমিটি গঠনের অনুমোদন পত্র দেন (সংযুক্তি-৬)।

**পর্যালোচনা ঃ**

সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব কামরুজ্জামান এডহক কমিটি গঠনের প্রক্রিয়া করতে পারেন না। প্রতিষ্ঠানের যাবতীয় প্রশাসনিক কাজ ভারপ্রাপ্ত সুপারের উপর বর্তাবে। মাদ্রাসা ম্যানেজিং কমিটির প্রবিধানের ৯এর ৩৯ অনুসারে ১১/০৪/২০১৯ এর এডহক কমিটি বাতিল করে ২১/০৪/২০১৯ তারিখের পত্র অনুযায়ী এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করেন। মাদ্রাসা বোর্ডে প্রেরিত উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা শিক্ষা অফিসার মহোদয় প্রেরিত প্রতিনিধি মনোনয়ন পত্রটি জাল। সংশ্লিষ্ট দপ্তর সমূহের পূর্বে প্রেরিত পত্রে কম্পিউটারের ফটোশপের মাধ্যমে জাল স্বাক্ষর করা হয়েছে মর্মে ধারণা করা যায়।

**মন্তব্য ঃ**

উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অভিভাবক প্রতিনিধি এবং জেলা শিক্ষা অফিসার মহোদয়ের শিক্ষক প্রতিনিধি সম্বলিত পত্রটি সঠিক নয়। অভিযোগের সত্যতা পাওয়া যায়।

প্রাপক,
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

(পারমিস সুলতানা)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং আরামবাগ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576


/প্রশা/231191134792/18717/নথি নং -26 তারিখ 08-06-2019 খ্রিঃ

## প্রজ্ঞাপন

**বিষয়ঃ সভাপতি মনোনয়নসহ এডহক কমিটি অনুমোদন প্রসংগে।**

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯-এর ৩৯ প্রবিধান অনুসারে RAJBARI জেলার SADAR উপজেলা/থানার CHAR SHYAMNAGAR DAKHIL MADRASAH পরিচালনার জন্য নিম্নেবর্ণিত সদস্যদের সমন্বয়ে পত্র ইস্যুর তারিখ থেকে পরবর্তী ৬ (ছয়) মাসের জন্য সভাপতি মনোনয়নসহ এডহক কমিটি অনুমোদন দেয়া হলো।

| ক্রমিক নং | সদস্যগণের নাম | পদবী |
|---|---|---|
| 1 | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| 2 | সাহিদ মোল্লা | অভিভাবক সদস্য |
| 3 | মাওঃ মোঃ জালাল উদ্দিন | সাধারণ শিক্ষক সদস্য |
| 4 | সুপার/ভারপ্রাপ্ত সুপার | সদস্য সচিব |

**বিশেষ দ্রষ্টব্য:**

ক. মাদ্রাসার স্বার্থ পরিপন্থী কর্মকান্ডের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯ এর প্রবিধান ৩৮ অনুসারে এ কমিটি যে কোন সময় বাতিল করা যাবে।

খ. বর্তমান এডহক কমিটির সময়সীমার মধ্যে বিধি মোতাবেক অগ্রাধিকার ভিত্তিতে নিয়মিত কমিটি গঠন করতে হবে।

গ. আগামী পরীক্ষার ফলাফল গুনগত ও সংখ্যাগত দিক দিয়ে সন্তোষজনক হতে হবে এবং প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নের জন্য কমিটিকে দায়িত্ব পালন করতে হবে।

**চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে**

পক্ষে-রেজিষ্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল।

৩. জেলা প্রশাসক RAJBARI

৪. উপজেলা নির্বাহী অফিসার SADAR, RAJBARI

৫. জেলা শিক্ষা অফিসার RAJBARI

৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার SADAR, RAJBARI

৭. সভাপতি এডহক কমিটি CHAR SHYAMNAGAR DAKHIL MADRASAH, SADAR, RAJBARI

৮. অধ্যক্ষ/সুপার/ভারপ্রাপ্ত অধ্যক্ষ/ভারপ্রাপ্ত সুপার CHAR SHYAMNAGAR DAKHIL MADRASAH, SADAR, RAJBARI

৯. ম্যানেজার সোনালী/জনতা/অগ্রণী/রূপালী ব্যাংক __________ শাখা, SADAR, RAJBARI

১০. অফিস কপি ।